

বাংলাদেশ ডিপ্লোমা পেশাজীবী সমন্বয় পরিষদ

অস্থায়ী কার্যালয়: আইডিইবি ভবন, ১৬০/এ, কাকরাইল, ঢাকা।

স্মারক নং- বাডিপেসপ/২০১৫/১৫(১০০)

তারিখ: ২৪-১২-২০১৫ইং

সংবাদ বিজ্ঞপ্তি

৮ম জাতীয় বেতন স্কেলে ডিপ্লোমা পেশাজীবীদের সমমর্যাদা ও বেতন গ্রেড প্রদানের আহ্বান

বিভিন্ন পেশায় নিয়োজিত ডিপ্লোমা পেশাজীবীদের ৮ম জাতীয় বেতন স্কেলে সমমর্যাদা ও বেতন গ্রেড প্রদানের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে বাংলাদেশ ডিপ্লোমা পেশাজীবী সমন্বয় পরিষদ। ২৩ ডিসেম্বর কাকরাইলে আইডিইবি ভবনে পরিষদের জরুরী সভা থেকে এ আহ্বান জানানো হয়। সংগঠনের আহ্বায়ক মোঃ জসিম উদ্দিনের সভাপতিত্বে সভায় ৮ম জাতীয় বেতন স্কেলে ক্যাডার কর্মচারীদের এক গ্রেড নীচে ডিপ্লোমা পেশাজীবীদের গ্রেড নির্ধারণ, পূর্বের ন্যায় টাইম স্কেল ও সিলেকশন গ্রেড বহাল অথবা ডিপ্লোমা পেশাজীবীদের চাকরি জীবনে ন্যূনতম ৫টি গ্রেড পরিবর্তনের সুবিধাসহ টাইমবার পদোন্নতি বিধান রাখা, ডিপ্লোমা পেশাজীবীদের ডিগ্রি টেকনোক্রেটদের ন্যায় অগ্রিম বর্ধিত বেতন প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর হস্তক্ষেপ ও নির্দেশনা কমনা করা হয়।

এ সব দাবি বাস্তবায়নে সরকারের দৃষ্টি আকর্ষণের জন্য আগামী ২৬ ডিসেম্বর জাতীয় দৈনিকে প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আবেদন প্রকাশ এবং ২৯ ডিসেম্বর বেলা ১২টা থেকে ১টা পর্যন্ত ঢাকায় জাতীয় প্রেসক্লাবের সম্মুখে মানববন্ধন কর্মসূচি পালন অর্থমন্ত্রীর নিকট স্মারকলিপি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বক্তব্য রাখেন পরিষদের সদস্য সচিব মোঃ শামসুর রহমান, যুগ্ম আহ্বায়ক মোঃ সফিকুল ইসলাম, যুগ্ম সদস্য সচিব মোঃ আব্দুর রাশেদ খান, আইডিইবি'র সহ-সভাপতি এ কে এম আব্দুল মোতালেব, সদস্য মোঃ ফজলুল হক মল্লিক, মোঃ ফিরোজ আকতার, সেলিম হোসেন ভূঞা, মোঃ আলমাস আলী খান প্রমুখ।



(মোঃ শামসুর রহমান)

সদস্য সচিব

সেল : ০১৭১১৩৪৯৯৪৭

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ কেন্দ্রীয় নির্বাহী কমিটি, ঢাকা।

স্মারক নম্বরঃ- ডিকেআইবি/১৬৫

তারিখঃ- ২৫-১২-২০১৫ইং

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

- ১। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল সদস্য।
- ২। সভাপতি/ সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, সকল অঞ্চল/সমন্বয় শাখা।
- ৩। সভাপতি/ সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, সকল জেলা/মহানগর/সংস্থা শাখা।
আপনার অধীনস্থ সকল উপজেলা/ইউনিট শাখাকে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। জনাব,.....।



(এ টি এম আবুল কাশেম)

সভাপতি

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

মোবাইল নম্বর-০১৭১১৪৮৮৪২৫



(মোঃ আব্দুর রাশেদ খান)

মহাসচিব

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

মোবাইল নম্বর-০১৮১৯৭২৪৭৫৭